

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১২, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
(মূল্য সংযোজন কর)

তারিখ: ১৯ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ/০২ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে আহত রোগীদের চিকিৎসা সেবা প্রদানে বিদেশ থেকে আগত বিভিন্ন পর্যায়ের বিশেষজ্ঞ চিকিৎসকদের ফি বা পরামর্শ/কনসালটেশন সেবা প্রদানের ক্ষেত্রে মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান।

নং ০৪/মূসক/২০২৫—যেহেতু, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর প্রথম তফসিলের দ্বিতীয় খন্ড (মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত সেবাসমূহ) এর মাধ্যমে সরকার কর্তৃক প্রদত্ত চিকিৎসা ও স্বাস্থ্য সেবা এবং বেসরকারি পর্যায়ে প্রদত্ত চিকিৎসা ও স্বাস্থ্য সেবাকে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করা হইয়াছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২(২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে আহত রোগীদের চিকিৎসা সেবা প্রদানের জন্য স্বাস্থ্য অধিদপ্তর বা সংশ্লিষ্ট হাসপাতাল কর্তৃপক্ষের আমন্ত্রণে আগত বিদেশি চিকিৎসকগণের অনুকূলে বাংলাদেশ সরকার কর্তৃক প্রদেয় ফি, হোটেল ভাড়া (আপ্যায়ণ ব্যয়সহ) এর ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে  
মোহাম্মদ আরিফুল ইসলাম  
প্রথম সচিব (মূসক বাস্তবায়ন)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(৯৬৫)

মূল্য : টাকা ৪.০০